www.bdniyog.com

# পরিবেশ দূষণ
## Environment Pollution

মানুষের কর্মকাণ্ডের ফলশ্রুতিতে পরিবেশের উপাদানে অনাকাঙ্ক্ষিত পরিবর্তন হলো পরিবেশ দূষণ। পরিবেশ দূষণ ৪ প্রকার। যথা- পানি দূষণ, বায়ু দূষণ, মাটি দূষণ এবং শব্দ দূষণ। আমাদের দেশে পরিবেশ দূষণের প্রধান কারণ দ্রুত জনসংখ্যা বৃদ্ধি। প্রাকৃতিক পরিবেশ বিনষ্ট হওয়ার জন্য সবচেয়ে বেশি দায়ী হলো মানুষ।

**বায়ু দূষণ :** গাড়ি থেকে নির্গত কালো ধোঁয়ায় বিষাক্ত কার্বন মনোক্সাইড গ্যাস থাকে। কার্বন মনোক্সাইড হিমোগ্লোবিনের অক্সিজেন পরিবহন ক্ষমতা হ্রাস করে। ডিজেল পোড়ালে বাতাসে আসে সালফার ডাই-অক্সাইড ($SO_2$) গ্যাস। কলকারখানা অথবা যানবাহন হতে নির্গত এসব কার্বন মনোঅক্সাইড, সালফার ডাই অক্সাইড মূলত বায়ু দূষণের জন্য দায়ী। যান্ত্রিক পরিবহন ও শিল্পকারখানার দূষণ থেকে SMOG এর সৃষ্টি হয়। SMOG হচ্ছে এক ধরনের দূষিত বায়ু। স্মোগ (SMOG) শব্দটি এসেছে SMOKE + FOG হতে।
দুই স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনে চার স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনের চাইতে বায়ু দূষণ বেশি হয়। বায়ু দূষণ হ্রাসের লক্ষ্যে ২০০৩ সালের ১ জানুয়ারি ঢাকা মহানগরীতে টু-স্ট্রোক যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয়। ঢাকা শহরের বায়ুতে মাত্রাতিরিক্ত সীসার উপস্থিতি পাওয়া গেছে।

**শব্দ দূষণ :** শব্দ দূষণের ফলে উচ্চ রক্তচাপ হতে পারে। ১০৫ ডিবি এর বেশি মাত্রার শব্দ দূষণ হলে মানুষ বধির হয়ে যেতে পারে।

**মাটি দূষণ :** পলিথিন ব্যবহারের পর পরিত্যক্ত পলিথিন মাটিতে বা পানিতে পচে না। ফলে এটি দীর্ঘকাল অপরিবর্তিত থেকে মাটি, পানি তথা পরিবেশের ক্ষতি করে। ১ জানুয়ারি, ২০০২ সালে ঢাকা শহরে এবং একই বছর ১ মার্চ সারাদেশে পলিথিন ব্যাগ ব্যবহার নিষিদ্ধ করা হয়।

**পানি দূষণ :** বাংলাদেশে পানি সম্পদের চাহিদা কৃষি খাতে সবচেয়ে বেশি। কিন্তু শিল্প কারখানার বর্জ্য পদার্থ, জমি থেকে ভেসে আসা রাসায়নিক সার ও কীটনাশক এবং শহর ও গ্রামের ময়লা আবর্জনা প্রভৃতি কারণে পানি দূষিত হচ্ছে। ঢাকার প্রাণ বলে খ্যাত বুড়িগঙ্গা নদীর পানি সবচেয়ে বেশি দূষিত।

বাংলাদেশের বড় বড় শিল্প কারখানা শীতলক্ষ্যা নদীর তীরে গড়ে গঠেছে। ঘোড়াশাল থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত একনাগাড়ে ৪৬টি শিল্প সংস্থা এ নদীর তীরে অবস্থিত।

**বাংলাদেশের পানি শোধনাগার**

| পানি শোধনাগার | নির্মাণকাল | তথ্যকণিকা |
|---|---|---|
| চাঁদনীঘাট, ঢাকা | ১৮৭৪ খ্রি. | বাংলাদেশের প্রথম পানিশোধনাগার |
| সোনাকান্দা, নারায়ণগঞ্জ | ১৯২৯ খ্রি. | |
| গোদনাইল, নারায়ণগঞ্জ | ১৯৮৯ খ্রি. | " |
| সায়েদাবাদ, ঢাকা | ২০০২ খ্রি. | বাংলাদেশের বৃহত্তম পানি শোধনাগার |

কচুরিপানা (Water hyacinth) পানি দূষণ কমাতে সহায়তা করে। কচুরিপানা বাংলাদেশে এসেছে সুদূর মেক্সিকো থেকে।

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

বাংলাদেশে আর্সেনিক সমস্যা বলতে বোঝানো হয় বাংলাদেশের অভ্যন্তরে বিভিন্ন অঞ্চলের খাবার পানিতে আর্সেনিকের মাত্রাতিরিক্ত হার, যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) মান অনুযায়ী ১ লিটার পানিতে ০.০১ মি.গ্রা. আর্সেনিক থাকলে সেই পানি দূষিত। বাংলাদেশের মান অনুযায়ী ১ লিটার পানিতে ০.০৫ মি.গ্রা. আর্সেনিক থাকলে সেই পানিকে নিরাপদ পানি বলা যায় না। পানীয় জলের জন্য বাংলাদেশের অধিকাংশ মানুষ নির্ভর করে অগভীর নলকূপের পানির উপর। বাংলাদেশে, সর্বপ্রথম ১৯৯৩ খ্রিষ্টাব্দে চাপাইনবাবগঞ্জ জেলার বড়ঘরিয়া ইউনিয়নের ভূগর্ভস্থ পানিতে আর্সেনিকের উপস্থিতি আবিষ্কৃত হয়। এরপর ২০০১ খ্রিষ্টাব্দে ব্রিটিশ জিওলজিক্যাল সার্ভে বাংলাদেশের ৬১ জেলায় নলকূপের পানি পরীক্ষা করে জানায় ৪২% নলকূপের পানিতে বিশ্বস্বাস্থ্য সংস্থার মানের চেয়ে বেশি (২৫% নলকূপের পানিতে বাংলাদেশের মানের চেয়ে বেশি) মাত্রায় আর্সেনিক রয়েছে এবং দিনে দিনে তা ব্যাপক আকার ধারণ করে চলেছে। বাংলাদেশে সর্বপ্রথম আর্সেনিক ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করা হয় গোপালগঞ্জের টুঙ্গিপাড়া স্বাস্থ্য কমপ্লেক্সে। পানি থেকে মাত্রাতিরিক্ত আর্সেনিক দূর করার কাজে সোনো আর্সেনিক ফিল্টার ব্যবহার করা হয়। ২০০৬ সালে বাংলাদেশী বিজ্ঞানী অধ্যাপক আবুল হুসসাম সোনো ফিল্টার আবিষ্কার করেন।

পরিবেশ সংরক্ষণ, পরিবেশগত মান উন্নয়ন এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও প্রশমনকল্পে প্রণীত হয় আইন জাতীয় পরিবেশ নীতি, ১৯৯২ এবং পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫। বাংলাদেশের পরিবেশ রক্ষা করার জন্য দেশব্যাপী ঐক্যবদ্ধ এবং শক্তিশালী নাগরিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ২০০০ সালে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) বা Bangladesh Poribesh Andolon (BAPA)।

## MCQ Solution

১. আমাদের দেশে পরিবেশ দূষণের প্রধান কারণ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৮]
ⓚ গাছপালা কাটা ⓛ নদী ভরাট
ⓖ দ্রুত জনসংখ্যা বৃদ্ধি ⓘ পাহাড় কাটা **উত্তর: গ**

২. প্রাকৃতিক পরিবেশ বিনষ্ট হওয়ার জন্য সবচেয়ে বেশি দায়ী কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৩]
ⓚ কল-কারখানা, যানবাহন ⓛ পশু-পাখি
ⓖ কীটপতঙ্গ ⓘ মানুষ **উত্তর: ঘ**

৩. জনসংখ্যা বৃদ্ধির ফলে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে কি? [২৮তম বিসিএস]
ⓚ প্রাকৃতিক পরিবেশ ⓛ সামাজিক পরিবেশ
ⓖ বায়বীয় পরিবেশ ⓘ সাংস্কৃতিক পরিবেশ **উত্তর: ক**

৪. গাড়ি থেকে নির্গত কালো ধোঁয়ায় যে বিষাক্ত গ্যাস থাকে, তা হল- [উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓚ ইথিলিন ⓛ পিরিডিন
ⓖ কার্বন মনোক্সাইড ⓘ মিথেন **উত্তর: গ**

৫. যানবাহনের কালো ধোয়া কিভাবে পরিবেশকে দূষিত করে? [থানা শিক্ষা অফিসার : ০৬]
ⓚ বাতাসে কার্বন-ডাই অক্সাইডের পরিমাণ বৃদ্ধি করে
ⓛ বাতাসে কার্বন মনোক্সাইডের পরিমাণ বৃদ্ধি করে
ⓖ বাতাসে সালফার-ডাই অক্সাইডের পরিমাণ বৃদ্ধি করে
ⓘ বাতাসে ক্লোরাইডের পরিমান বৃদ্ধি কওে **উত্তর: খ**

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৬. বায়ু দূষণের জন্য কোন গ্যাস দায়ী? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬/ কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে চিফ ইন্সট্রাক্টর, নন্টেক : ০৩]

ⓚ CO ⓛ $CO_2$
ⓜ $NO_2$ ⓝ $NH_3$ উত্তর: ক

৭. বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী- [১৩তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন (প্রভাষক) : ১৬]

ⓚ অক্সিজেন ⓛ নাইট্রোজেন
ⓜ কার্বন মনো অক্সাইড ⓝ কার্বন ডাই অক্সাইড উত্তর: গ

৮. কোন জ্বালানি পোড়ালে সালফার ডাই-অক্সাইড গ্যাস বাতাসে আসে? [৩৫তম বিসিএস / উপজেলা সমাজসেবা অফিসার : ০৬]

ⓚ অকটেন ⓛ পেট্রোল
ⓜ ডিজেল ⓝ সি.এন.জি উত্তর: গ

৯. SMOG হচ্ছে - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইফার অফিসার : ১১]

ⓚ সিগারেটের ধোয়া ⓛ কুয়াশা
ⓜ দূষিত বাতাস ⓝ শিশির উত্তর: গ

১০. দুই স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনে চার স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনের চাইতে বায়ু দূষণ -- হয় [যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির মেটিরয়াল পরিদর্শক : ০৫]

ⓚ কম ⓛ বেশি
ⓜ সমান ⓝ কোনটিই নয় উত্তর: খ

১১. ঢাকা মহানগরীতে টু-স্ট্রোক যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয় কবে থেকে? [প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪ / তথ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক (গ্রেড-২) : ০৩]

ⓚ ৩১ ডিসেম্বর, ২০০২ ⓛ ১ জানুয়ারি, ২০০৩
ⓜ ১ জানুয়ারি, ২০০২ ⓝ ৩১ ডিসেম্বর, ২০০১ উত্তর: খ

১২. বাংলাদেশ কখন টু-স্ট্রোক তিন চাকার বেবিট্যাক্সি বাতিল করে- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ⓚ ২০০০ সনে ⓛ ২০০১ সনে
ⓜ ২০০২ সনে ⓝ ২০০৩ সনে উত্তর: ঘ

১৩. **Which is the hazardous metallic pollutant in the air of Dhaka city?** [Bangladesh Bank Asst. Director : 01] **Or,**
ঢাকা শহরের বাতাসে বিপদজনক ধাতব দূষণ কোনটি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১২-১৩]

ⓐ Arsenic ⓑ Carbon
ⓒ Zinc ⓓ Lead **Ans: d**

১৪. পরিবেশের কোন দূষণের ফলে প্রধানত উচ্চ রক্তচাপ হতে পারে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪/ যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]

ⓚ পানি দূষণ ⓛ মাটি দূষণ
ⓜ বায়ু দূষণ ⓝ শব্দ দূষণ উত্তর: ঘ

১৫. যে সর্বোচ্চ শ্রুতি সীমার উপরে মানুষ বধির হতে পারে তা হচ্ছে- [১২তম বিসিএস / প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (শাপলা) : ০৯]

ⓚ ৭৫ ডিবি ⓛ ৯০ ডিবি
ⓜ ১০৫ ডিবি ⓝ ১২০ ডিবি উত্তর: গ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

১৬. পলিথিন ব্যবহার নিষিদ্ধ করার বড় কারণ- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২ / ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ⓚ পানিতে আর্সেনিকের পরিমাণ হ্রাস ⓚ পরিবেশ দূষণ হ্রাস
ⓖ ডেঙ্গু জ্বরের প্রকোপ কমানো ⓖ উৎপাদন খরচের আধিক্য
উত্তর: খ

১৭. বাংলাদেশ সরকার কবে 'পলিথিন ব্যবহার নিষিদ্ধ' আইন প্রণয়ন করে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]

ⓚ ১৯৯৮ সালে ⓚ ২০০০ সালে
ⓖ ২০০২ সালে ⓖ ২০০৪ সালে
উত্তর: গ

১৮. বাংলাদেশে কবে থেকে পলিথিন শপিং ব্যাগ ব্যবহার ও বাজারজাতকরণ নিষিদ্ধ হয়? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬ / প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]

ⓚ ১ জানুয়ারি, ২০০২ ⓚ ১ ফেব্রুয়ারি, ২০০২
ⓖ ১ মার্চ, ২০০২ ⓖ ১ জুলাই, ২০০২
উত্তর: গ

১৯. বাংলাদেশে পানি সম্পদের চাহিদা কোন খাতে সবচেয়ে বেশি? [১৫তম বিসিএস/ পূবালী ব্যাংক লি. জুনিয়র অফিসার : ০০]

ⓚ আবাসিক ⓚ কৃষি
ⓖ পরিবহন ⓖ শিল্প
উত্তর: খ

২০. পানি দূষণের জন্য দায়ী- [বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) : ০৬]

ⓚ শিল্প কারখানার বর্জ্য পদার্থ ⓚ জমি থেকে ভেসে আসা রাসায়নিক সার ও কীটনাশক
ⓖ শহর ও গ্রামের ময়লা আবর্জনা ⓖ উপরের সবকয়টিই
উত্তর: ঘ

২১. What is the main agent that pollutes water-/ পানি দূষণের প্রধান কারণ- [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]

ⓚ Man (মানুষ) ⓚ Tree (গাছপালা)
ⓖ Beast (পশু) ⓖ Bird (পাখি)
উত্তর: ক

২২. বাংলাদেশের বড় বড় শিল্প কারখানা কোন নদীর তীরে গড়ে উঠেছে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ (FWV) প্রশিক্ষণার্থী : ১৩]

ⓚ শীতলক্ষ্যা ⓚ মেঘনা
ⓖ যমুনা ⓖ ব্রহ্মপুত্র
উত্তর: ক

২৩. বাংলাদেশের কোন নদীর পানি অত্যধিক দূষিত? [পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫]

ⓚ শীতলক্ষ্যা ⓚ বুড়িগঙ্গা
ⓖ তুরাগ ⓖ পশুর
উত্তর: খ

২৪. ১৮৭৪ সালে ঢাকা শহরে পানি সরবরাহ করার জন্য প্রথম পানি সরবরাহ কার্যক্রম স্থাপিত হয়- [১৭তম বিসিএস/ বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০০]

ⓚ সদরঘাটে ⓚ চাঁদনীঘাটে
ⓖ পোস্তগোলায় ⓖ শ্যামবাজারে
উত্তর: খ

২৫. বাংলাদেশের বৃহত্তম পানি শোধনাগার কোনটি? [সাব-রেজিস্ট্রার : ০৩]

ⓚ সায়েদাবাদ ⓚ সোনাকান্দা
ⓖ চাঁদনীঘাট ⓖ গোদনাইল
উত্তর: ক

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



২৬. **Which of the following helps in reducing water population?/ নিচের কোনটি পানি দূষণ কমাতে সহায়তা করে?** [Prime Bank Ltd. MTO : 04]
ⓐ Eucalyptus ⓑ Water hyacinth
ⓒ Salvina ⓓ Lotus
ⓔ None of these **Ans: b**

২৭. **কচুরিপানা কোন দেশ থেকে বাংলাদেশে এসেছে?** [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে গবেষণা কর্মকর্তা : ১৮]
ক মার্কিন যুক্তরাষ্ট্র খ মেক্সিকো
গ ব্রাজিল ঘ ভেনিজুয়েলা **উত্তর: খ**

২৮. **বাংলাদেশে পানীয় জলের জন্য অধিকাংশ মানুষ নির্ভর করে-** [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী, সিভিল ইঞ্জিনিয়ারিং : ৯৯]
ক নদীর পানির উপর খ নলকূপের পানির উপর
গ বৃষ্টির পানির উপর ঘ পুকুরের পানির উপর **উত্তর: খ**

২৯. **সম্প্রতি বাংলাদেশে কোন ধরনের পানিতে বিপজ্জনক মাত্রার চেয়ে বেশি আর্সেনিক পাওয়া গেছে?** [আবহাওয়া অধিদপ্তরের অধীন সহকারী আবহাওয়াবিদ : ০০]
ক নদীর পানি খ বিলের পানি
গ অগভীর নলকূপের পানি ঘ গভীর নলকূপের পানি **উত্তর: গ**

৩০. **বাংলাদেশের কয়টি জেলার নলকূপের পানিতে মাত্রাতিরিক্ত আর্সেনিক পাওয়া গেছে?** [উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]
ক ৬৩ টি জেলা খ ৬১ টি জেলা
গ ৫১ টি জেলা ঘ ৪৯ টি জেলা **উত্তর: খ**

৩১. **বাংলাদেশে আর্সেনিক দূষণ প্রতিক্রিয়া প্রথম কোন জেলায় ধরা পড়ে?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক (সাধারণ) : ০৯/ মাধ্যমিক সহকারী শিক্ষক : ০৯]
ক মেহেরপুর খ দিনাজপুর
গ কুষ্টিয়া ঘ চাঁপাইনবাবগঞ্জ **উত্তর: ঘ**

৩২. **বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশের পানীয় জলে আর্সেনিক প্রতি লিটারে কত পরিমাণের বেশি হলে তা পান করার অনুপযুক্ত বলে ঘোষণা দিয়েছে –** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ) : ১২-১৩ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১২-১৩ / তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গ্রেড-২) : ০৩]

**Or,**

**What is the acceptable safe limit of Arsenic per liter of water?** [Dutch-Bangla Bank Ltd. Trainee Officer : 10/ Bangladesh Bank Asst. Director : 08]
ⓐ 0.01 mg ⓑ 0.001 mg
ⓒ 0.05 mg ⓓ 0.005 mg
ⓔ None of these **Ans. a**

৩৩. **Sono Filter is used to rectify which of the harmful element of water?/ সনোফিল্টার পানির কোন ক্ষতিকর পদার্থ শোধনে ব্যবহৃত হয়?** [Dhaka Bank Ltd. Recruitment : 10]
ⓐ Zinc ⓑ Mithen
ⓒ Arsenic ⓓ $P^H$
ⓔ None of these **Ans. c**

Download More PDF @
www.BDNiyog.com

BCS Spotlight

Scanned by CamScanner

৩৪. আর্সেনিক দূরীকরণ সনো ফিল্টারের উদ্ভাবক- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ মোস্তফা জব্বার ⓚ অধ্যাপক আবদুস সালাম
ⓖ অধ্যাপক আবুল হুসসাম ⓖ অধ্যাপক আবদুল গণি উত্তর: গ

৩৫. দেশজ উপাদান ব্যবহার করে আর্সেনিক মুক্ত করার পদ্ধতির আবিষ্কারক কে? [জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫]
ⓚ ড. এম. এ. বাসার ⓚ ড. এম. আজাদ
ⓖ ড. ইউনূস ⓖ ড. এম. এ. হাসান উত্তর: ঘ

৩৬. বাংলাদেশ কোন সালে জাতীয় পরিবেশ নীতি ঘোষণা করে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (বাগানবিলাস) : ১২ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ঢাকা বিভাগ) : ০৮]
ⓚ ২০০২ ⓚ ২০০৩
ⓖ ২০০৪ ⓖ ২০০৫ উত্তর:

৩৭. পরিবেশ রক্ষার কাজ করে? [উপজেলা একাডেমিক সুপারভাইজার : ১৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ⓚ বাপা ⓚ ব্লাস্ট
ⓖ আশা ⓖ ব্র্যাক উত্তর: ক

৩৮. বাংলাদেশ পরিবেশ বিষয়ক সংগঠনের নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ তেল গ্যাস রক্ষা কমিটি ⓚ বিইএমএফ
ⓖ গ্রামীণ ব্যাংক ⓖ হৃদয়ে বাংলাদেশ উত্তর: খ

ব্যাখ্যা: Bangladesh Environmental Management Force - BEMF.

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner